# AKASHVANI (Kolkata)

## Regional News Unit

**Date : 09.02.2025** **Desk in Charge : S.D.G.**

**Time : 7-35 A.M** **Compiling & NR : P.Biswakarma**

**Opening Announcement :-** আকাশবাণী, খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবরঃ–

১/ কলকাতার নারকেলডাঙায় খালপাড়ের বস্তিতে বিধ্বংসী অগ্নিকান্ডে একজনের মৃত্যু হয়েছে। # পুড়ে গেছে প্রায় ৩০ টি ঝুপড়ি।

২/ রাজ্যে মাধ্যমিক পরীক্ষা শুরু হচ্ছে আগামীকাল। # জঙ্গল লাগোয়া এলাকায় পরীক্ষার্থীদের নিরাপত্তায় বিশেষভাবে সক্রিয় বন দপ্তর। # পরীক্ষার্থীদের সুবিধার্থে চলবে অতিরিক্ত বাস।

৩/ রাজ্যপাল সি ভি আনন্দ বোসের অভিভাষণের মধ্য দিয়ে রাজ্য বিধানসভার বাজেট অধিবেশন শুরু হচ্ছে আগামীকাল।

৪/ RG KAR মেডিকেল কলেজ হাসপাতালে নিহত চিকিৎসকের জন্মদিনে আজ ন্যায় বিচারের দাবিতে ফের পথে নামছেন চিকিৎসকরা।

৫/ ৪৮ তম আন্তর্জাতিক কলকাতা বইমেলা আজ শেষ হচ্ছে।

৬/ যুবভারতী ক্রীড়াঙ্গনে ISL ফুটবলে চেন্নাইয়িন এফসি ৩-০ গোলে ইস্টবেঙ্গলকে হারিয়ে দিয়েছে।

****************************************************************************

কলকাতার নারকেলডাঙায় খালপাড়ের বস্তিতে বিধ্বংসী অগ্নিকান্ডে প্রায় ৩০ টি ঝুপড়ি পুড়ে গেছে বলে খবর। উদ্ধার হয়েছে একটি দগ্ধ দেহ।

গতরাতে হঠাৎ'ই সেখানে আগুন লেগে যায়। বস্তি লাগোয়া গোডাউনে দাহ্য পদার্থ থাকায়, খুব দ্রুত তা' ছড়িয়ে পড়ে। ধোঁয়ায় ঢেকে যায় চারপাশ। রাস্তার ধারে থাকা একটি পিক আপ ভ্যান এবং ট্রাকেও আগুন লাগে। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় পুলিশ ও বিপর্যয় মোকাবিলা বাহিনী। দমকলের ১৭ টি ইঞ্জিন প্রায় চারঘন্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে। ঘিঞ্জি এলাকা হওয়ায় আগুন নেভাতে বেগ পেতে হয় দমকল কর্মীদের।

রাতেই ঘটনাস্থল পরিদর্শনে যান প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার।

********************

রাজ্যে মাধ্যমিক পরীক্ষা শুরু হচ্ছে আগামীকাল। চলবে ২২ শে ফেব্রুয়ারি পর্যন্ত। এবার দু'হাজার ৬৮৩টি কেন্দ্রে মোট ৯ লক্ষ ৮৪ হাজার ৭৫৩ জন পরীক্ষা দেবে। এর মধ্যে ৫ লক্ষ ৫৫ হাজার ৯৫০ জন ছাত্রী। কোনও পরীক্ষার্থী অসুস্থ হলে দ্রুত চিকিৎসা শুরুর জন্য ইতোমধ্যেই স্বাস্থ্য ভবনের তরফে বিজ্ঞপ্তি জারি করে সমস্ত সরকারি হাসপাতালকে 'সিক বেড' রাখার নির্দেশ দেওয়া হয়েছে। চিকিৎসার পাশাপাশি, অসুস্থ পরীক্ষার্থীদের কাউন্সেলিং করানোর ব্যবস্থাও রাখতে হবে হাসপাতালে। প্রত্যেক পরীক্ষা কেন্দ্রে আশা কর্মীদের উপস্থিত থাকতে হবে। পরীক্ষার্থীদের সুবিধার্থে হেল্পলাইন নম্বর চালু করেছে কলকাতা পুলিশ। সমস্যায় পড়লে ৯৪৩২-৬১০০-৩৯ এই নম্বরে ফোন করা যাবে।

মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি রামানুজ গঙ্গোপাধ্যায় জানিয়েছেন, প্রশ্ন ফাঁস ও টোকাটুকি রুখতে বিশেষ নজর দেওয়া হবে। শৌচালয়েও চলবে আলাদা করে নজরদারি। পরীক্ষার্থীদের পাশাপাশি নজরদারির দায়িত্বে থাকা শিক্ষক ও শিক্ষাকর্মী নিজের কাছে মোবাইল ফোন বা কোনো বৈদ্যুতিন যন্ত্র রাখতে পারবেন না।

এদিকে, জঙ্গল লাগোয়া এলাকায় মাধ্যমিক পরীক্ষার্থীদের নিরাপত্তায় বিশেষভাবে সক্রিয় বনদপ্তর। পরীক্ষার্থীদের কেন্দ্রে পৌঁছনো এবং বাড়ি ফেরার জন্য থাকছে বিশেষ বাস ও গাড়ি। একটি প্রতিবেদন।

(ভিসি- অভিরূপ/ হাতির হানা )

অন্যদিকে, পরীক্ষার্থীদের যাতায়েতের সুবিধার্থে পরিবহন দপ্তর পরীক্ষার দিনগুলিতে বিশেষ বাস পরিষেবা দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। সকাল সাড়ে ৬'টা থেকে ১০ টা এবং দুপুর ২'টো থেকে বিকেল ৫'টা পর্যন্ত 'পরীক্ষা স্পেশাল' লেখা এই বিশেষ বাস রাস্তায় থাকবে বলে জানিয়েছে পশ্চিমবঙ্গ পরিবহণ নিগম বা WBTC । দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থা- SBSTC'ও ওই দিনগুলিতে অতিরিক্ত বাস চালাবে। 'নন স্টপ' বাসগুলি সব স্টপেই দাঁড়াবে। উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থা- NBSTC, চা বাগান ও অন্যান্য অনিয়মিত রুটে পরিষেবা দেবে। চলবে ৯৩টি অতিরিক্ত বাস।

********************

প্রধানমন্ত্রী আসন্ন 'পরীক্ষা পে চর্চা' অনুষ্ঠানে পড়ুয়া, শিক্ষক-শিক্ষিকা এবং অভিভাবকদের সঙ্গে মত বিনিময় করবেন।

আগামীকাল, সকাল ১১-টা থেকে গীতাঞ্জলী, সঞ্চয়িতা এবং এফ এম গোল্ড প্রচারতরঙ্গে একযোগে এই অনুষ্ঠান শোনা যাবে। অনুষ্ঠানটির বাংলা অনুবাদ প্রচারিত হবে ঐ দিনই রাত সাড়ে ৯ টায় আকাশবানী কলকাতার গীতাঞ্জলী এবং এফ এম গোল্ড প্রচারতরঙ্গে। কলকাতা থেকে প্রচারিত এই অনুষ্ঠান, বিভিন্ন রিলে কেন্দ্র থেকে সম্প্রচার করা হবে।

********************

রাজ্যপাল সি ভি আনন্দ বোসের অভিভাষণের মধ্য দিয়ে রাজ্য বিধানসভার বাজেট অধিবেশন শুরু হচ্ছে আগামীকাল। অধিবেশনে প্রয়াত প্রাক্তন প্রধানমন্ত্রী ডক্টর মনমোহন সিং- এর প্রতি শ্রদ্ধা জানাতে একটি প্রস্তাব আনা হবে। আগামী মঙ্গলবার (১১ই ফেব্রুয়ারি) এই প্রস্তাব নিয়ে হবে আলোচনা। ১২ তারিখ, অর্থাৎ বুধবার অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য্য বিধানসভায় রাজ্য বাজেট পেশ করবেন। পর দিন রাজ্যপালের ভাষণের উপর আলোচনা হবে। ১৮ ও ১৯ তারিখ বিধানসভায় বাজেট নিয়ে আলোচনা হবে বলে খবর।

********************

RG KAR মেডিকেল কলেজ হাসপাতালে নিহত চিকিৎসকের জন্মদিনে আজ ন্যায় বিচারের দাবিতে ফের পথে নামছেন চিকিৎসকরা। বিকেলে মৌন মহামিছিলের ডাক দিয়েছে ‘অভয়া মঞ্চ’ এবং ‘জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডক্টর্স’। ৩টেয় কলেজ স্কোয়ার থেকে শুরু হয়ে আর জি কর পর্যন্ত এই মিছিলে সর্বস্তরের মানুষকে যোগদানের আহ্বান জানানো হয়েছে। মিছিল শেষে ডাক দেওয়া হয়েছে গণ কনভেনশনের। রাজ্যের প্রায় ২০০ টি জায়গায় প্রতিবাদ কর্মসূচি পালন করা হবে। ধর্ষন ও খুনের ঘটনার ৬ মাস অতিক্রান্ত হলেও এখনও ন্যায়বিচার না মেলায় ক্ষোভ প্রকাশ করেছেন চিকিৎসক তমোনাশ চৌধুরী।

(বাইট- ডাক্তার তমোনাশ)

West Bengal Junior Doctors' Front-এর তরফেও আজ বিভিন্ন কর্মসুচি গ্রহণ করা হয়েছে। সোদপুরে মহেন্দ্রনগর উন্নয়ন সমিতির মাঠে সকাল ১০ টা থেকে বেলা একটা পর্যন্ত ‘অভয়া ক্লিনিক’ খোলা হবে। বিকেলে সুবিচারের দাবিতে RG KAR মেডিক্যাল কলেজে অঙ্গীকারের জমায়েত করা হবে বলে সূত্রের খবর।

ন্যায়বিচারের দাবিতে চিকিৎসা প্রতিষ্ঠান, অফিস ও বাড়িতে মোমবাতি জ্বালাতে এবং ফুল গাছের চারা রোপনের আবেদন জানিয়েছেন নির্যাতিতার বাবা-মা।

গতকাল তারা নিউটাউনে একটি হোটেলে রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের স্বরসঙ্ঘচালক মোহন ভাগবতের সঙ্গে দেখা করেন। পরে সাংবাদিকদের নির্যাতিতার বাবা-মা জানান, শ্রী ভাগবত ন্যায়বিয়াচার পেতে সব ধরনের সহযোগিতার আশ্বাস দিয়েছেন।

এদিকে, মোহন ভাগবতের সঙ্গে নির্যাতিতার বাবা-মা-র এই সাক্ষাৎ রাজনীতিরই অঙ্গ বলে মন্তব্য করেছেন তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ।

(বাইট- কুণাল )

********************

নিউটাউনে লোহা ব্রিজের কাছে নাবালিকার মৃতদেহ উদ্ধারের ঘটনায় আজ ভোর রাতে পুলিশ এক টোটো চালককে গ্রেপ্তার করেছে। CCTV ফুটেজ দেখে তার সন্ধান পায় পুলিশ।

********************

চলচ্চিত্র ও বিজ্ঞাপনী ভিডিও-এ কাজ পাইয়ে দেওয়ার নাম করে যাদবপুরে দুই তরুণীকে ধর্ষণের অভিযোগে এক যুবককে পুলিশ গ্রেপ্তার করেছে। ধৃত প্রতীক ওরফে অনিকেতকে গত শুক্রবার রাতে উত্তর ২৪ পরগণার টিটাগড় থেকে পাকড়াও করা হয়। আরো একজনের খোঁজে তল্লাশি চালাচ্ছে পুলিশ।

********************

৪৮ তম আন্তর্জাতিক কলকাতা বইমেলা আজ শেষ হচ্ছে।

সন্ধ্যার পর সমাপ্তি অনুষ্ঠানে উপস্থিত থাকবেন পাবলিশার্স অ্যান্ড বুক সেলার্স গিল্ডের সভাপতি, সম্পাদক ছাড়াও প্রকাশনা জগতের বিশিষ্টজনেরা। এবারের মেলায় ছোট বড় মিলিয়ে স্টলের সংখ্যা ছিল এক হাজার। ফ্রাঙ্কফুর্ট বইমেলা থেকে অনুপ্রাণিত হয়ে কলকাতা বইমেলার সূচনা হলেও এবারেই প্রথম থিম কান্ট্রি হিসেবে মেলায় অংশ নিয়েছে জার্মানি। সেদেশের বিশিষ্ট সাহিত্যিক গ্যাটে ও ভাষাবিদ ম্যাক্স মুলারের স্মরণে বইমেলার দুটি প্রবেশ দ্বার নির্মাণ করা হয়। এ বছর সাহিত্যিক আবুল বাসারকে জীবনব্যাপী সম্মান ও পরিচালক-অভিনেতা-সংগীত শিল্পী অঞ্জন দত্তকে দেওয়া হয় সমরেশ মজুমদার স্মৃতি পুরস্কার।

৪৮ তম বইমেলার সমাপ্তি দিবস নিয়ে আমাদের প্রতিনিধির একটি প্রতিবেদন।

(ভিসি- অভিজিত )

********************

রাজ্য সরকার, ‘ঘাটাল মাস্টার প্ল্যান’ রূপায়ণের জন্য পাঁচটি স্লুইস গেট তৈরীর লক্ষ্যে সাড়ে ১০ কোটি টাকা বরাদ্দ করেছে।  এজন্য ইতমধ্যেই সেচ দপ্তরের তরফে দরপত্র আহ্বানের কাজ শেষ হয়ে যাওয়ার পর ওয়ার্ক অর্ডার ইস্যু করা হয়েছে।

চেতুয়া সার্কিট এলাকার দাসপুরের রানিচক, কুমার চক, কৈজুরী, জোতকানুরামগড় এবং ঘাটালের কাটান এলাকায় এই স্লুইজ গেটগুলি তৈরি করা হবে। পাশাপাশি প্রকল্পের অধীনে দুটি পাম্প হাউস তৈরির জন্য ইতিমধ্যেই জমি চিহ্নিত করে দরপত্র ডাকার কাজের প্রস্তুতি শুরু হয়েছে।

*******************

নদীয়ার কল্যাণীর স্কুলপাড়া লেনে বাজি বিস্ফোরণে চারজনের মৃত্যুর ঘটনায় ধৃত বেআইনি বাজি কারখানার মালিক সাধন বিশ্বাস ওরফে খোকনকে, কল্যানী আদালতে তোলা হলে সাতদিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে।

কারখানায় বিস্ফোরণের পর তার বাড়িতে তল্লাশি চালিয়ে প্রায় দুই কুইন্টাল বাজি ও বাজি তৈরির মশলা উদ্ধার করে পুলিশ। খোকনের দোকানে আতশবাজি বিক্রির অনুমতি ছিল। কিন্তু ওই দোকানের আড়ালেই অবৈধভাবে বাজির কারখানা চলত বলে জানা গিয়েছে। গতকাল ঘটনাস্থলে গিয়ে নমুনা সংগ্রহ করেন তিন সদস্যের ফরেন্সিক বিশেষজ্ঞ দল।

*******************

পরিবেশ-বান্ধব ও সুস্থায়ী উন্নয়ন নিয়ে নিয়মিত অনুষ্ঠান সম্প্রচার করছে আকাশবাণী কলকাতা। গত শুক্রবার সল্টলেকের বিধাননগর কলেজে এনিয়ে আকাশবানীর উদ্যোগে একদিনব্যাপী কর্মশালার আয়োজন করা হয়। অংশ নেয় দু'টি কলেজ ও তিনটি স্কুলের ১০০ জন শিক্ষার্থী। প্রদর্শিত হয় পড়ুয়াদের তৈরী স্বল্প দৈর্ঘ্যের চলচ্চিত্র।
আলোচনা হয় পরিবেশের ভারসাম্যহীনতা এবং সুস্থায়ী উন্নয়নের জন্য আশু পদক্ষেপের প্রয়োজনীয়তা নিয়ে’ও।

*******************

সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে আইএসএল ফুটবলের ম্যাচে চেন্নাইয়িন এফসি তিন-শূণ্য গোলে ইস্টবেঙ্গলকে হারিয়ে দিয়েছে।
চেন্নাইয়িনের হয়ে উইলমার গিল ও ড্যানিয়েল চিমা চুক-উ গোল করেন। একটি গোল আত্মঘাতী। খেলার একেবারে শেষ মুহূর্তে ইস্টবেঙ্গলের লালচুংনুংগা লাল কার্ড দেখেন।
এদিকে, অন্য ম্যাচে গতকাল মহামেডান স্পোর্টিং ১-৩ গোলে হায়দ্রাবাদ এফসির কাছে পরাজিত হয়েছে। হায়দ্রাবাদের হয়ে তিনটি গোল করেছেন মিরান্ডা ডিসুজা, রামলুল চুঙ্গা ও জে সানি।

*******************************************************************